নিক ইত্তেফাক

তারিখ 28 AUG 1988
পৃষ্ঠা ২ কলাম ৭

142

## ইংরেজী ঃ সবাইকে ধন্যবাদ

ইংরেজী ভাষাকে দ্বিতীয় ভাষার মর্যাদা দেওয়ার সরকারী সিদ্ধান্তটি দেরীতে হইলেও প্রশংসার দাবী রাখে। সম্প্রতি এক তথ্যে প্রকাশ, গণচীনের ১০ কোটি ছেলে-মেয়ে ইংরেজী ভাষা অধ্যয়ন করিতেছে। জাপানের একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান ইংরেজী ভাষা শেখানোর জন্য অধিক বেতন দিয়া লোক নিয়োগ করিতেছে। সর্বশেষে সরকারের ভুল সংশোধনে সাহায্য করার জন্য "দৈনিক ইত্তেফাক" এবং "দৈনিক বাংলাদেশ অবজারভার" পত্রিকার সাহসী ভূমিকার জন্য ধন্যবাদ। বিশেষ করিয়া ব্যারিষ্টার মইনুল হোসেন সাহেবকে অসংখ্য ধন্যবাদ। তিনি বিভিন্ন স্থানে তাঁহার স্পষ্ট বক্তব্যের মাধ্যমে সরকারের ভুল ধরাইয়া দিয়াছেন। ৩০৯ জন আইনজীবীকেও ধন্যবাদ—যাঁরা তাঁহাদের সময়োচিত বক্তব্যের মাধ্যমে সরকারকে সঠিক পথ নির্দেশনায় সাহায্য করিয়াছেন।

—মোহাম্মদ সলিমউল্লাহ (এডভোকেট), ৭৭, মতিঝিল বা/এ ঢাকা।